

💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৪৩৫

পর্ব-১৫: কসম ও মানৎ (کتاب الأيمان والندور)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - মানৎ

আরবী

عَنْ عَائِشَةَ قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا نَذْرَ فِي مَعْصِيَةٍ وَكَفَّارَتُهُ كَنْ عَائِشَةَ قَالَتْ، وَلَا نَذْرَ فِي مَعْصِيَةٍ وَكَفَّارَتُهُ كَفَّارَةُ الْيَمِينِ» . رَوَاهُ أَبُو دَاوُدَ وَالتِّرْمِذِيُّ وَالنَّسَائِيِّ

বাংলা

৩৪৩৫-[১০] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ গুনাহ সংক্রান্ত কাজে কোনো মানৎ নেই। আর তার কাফফারা হলো শপথের কাফফারার ন্যায়। (আবূ দাউদ, তিরমিয়ী, নাসায়ী)[1]

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৩২৯২, তিরমিয়ী ১৫২৪, নাসায়ী ৩৮৩৪, ইবনু মাজাহ ২১২৫, ইরওয়া ২৫৯০, সহীহ আল জামি' ৭৫৪৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: খত্ত্বাবী (রহঃ) ''মা'আলিম'' গ্রন্থে বলেন, যদি হাদীস সহীহ হয় তাহলে কাফফারা অবশ্যই ওয়াজিব হবে। তবে গুনাহের কাজের মানৎ করলে তা আদায় করতে হবে না। যদিও হাদীসের গবেষকরা হাদীসটি মাকতূ' হিসেবে মন্তব্য করেছেন তথা য'ঈফ। ('আওনুল মা'বূদ ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩৪৩৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আব্ বাকর সিদ্দীক (রাঃ)
🔗 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68762

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন